

## চট্টগ্রাম সিটি কর্পোরেশন

জনসংযোগ শাখা

চট্টগ্রাম

মোবাইল নং- ০১৮২৪৪৭৭৬৯৩



শেখ হাসিনার মূলনীতি  
গ্রাম শহরের উন্নতি

(প্রেস বিজ্ঞপ্তি)

১৭ নভেম্বর ২০২২ খ্রি.

### নগরীর সেবা সংস্থার সাথে সমন্বয় সভায় মেয়র চট্টগ্রাম নগরীর উন্নয়নে আন্তরিক প্রধানমন্ত্রী শেখ হাসিনাকে স্বাগত জনাতে আমরা প্রস্তুত

চট্টগ্রাম সিটি কর্পোরেশনের মেয়র মো. রেজাউল করিম চৌধুরী বলেন, ৪ ডিসেম্বর পলোথ্রাউন্ড মাঠে প্রধানমন্ত্রী জননেত্রী শেখ হাসিনার জনসভাকে সামনে রেখে চট্টগ্রাম সিটি কর্পোরেশনের উদ্যোগে নগরীকে পরিপাটি করে সাজানো হচ্ছে। প্রধানমন্ত্রীর জনসভায় প্রবেশের পথ সুগম ও মসূন করে তোলা হয়েছে এবং জনসভায় আগত জনসাধারণের কোন সমস্যা যাতে না হয় সে জন্য মাঠের ভিতরে ও চারিদিকে লোক সমাগমের স্থানগুলোকে চিহ্নিত করে পর্যাপ্ত সুপেয় পানি, ড্রামামাণ ও অস্থায়ী টয়লেট স্থাপন করা হবে। তিনি বলেন, নগরীকে পরিপাটি ও নান্দনিক সৌন্দর্যে সাজিয়ে তুলতে নগরীর সেবা সংস্থাগুলো কে যৌথভাবে কাজ করার আহ্বান জানান। আজ বৃহস্পতিবার সকালে নগরীর টাইগারপাস্ট নগর ভবনের সম্মেলন কক্ষে চসিকের আয়োজিত নগরীর সেবাসংস্থা সমূহের সমন্বয় সভায় প্রধান অতিথির বক্তব্যে তিনি একথা বলেন।

চট্টগ্রাম সিটি কর্পোরেশনের প্রধান নির্বাহী কর্মকর্তা মোহাম্মদ শহীদুল আলমের সভাপতিত্বে প্রধান পরিচালনা কর্মকর্তা ও মেয়রের একান্ত সচিব মুহাম্মদ আবুল হাশেমের সঞ্চালনায় এতে বক্তব্য রাখেন-চসিক সচিব খালেদ মাহমুদ, প্রধান প্রকৌশলী-রফিকুল ইসলাম, চট্টগ্রাম ওয়াসার প্রধান প্রকৌশলী-মাকসুদ আলম, সিএমপি-উপ পুলিশ কমিশনার (ট্রাফিক পশ্চিম) মো. তারেক আহমেদ, বাংলাদেশ রেলওয়ে চট্টগ্রামের ডেন-২ মো. রফিকুল ইসলাম, চট্টগ্রামের অথরাইজড অফিসার মো. হাছান, চসিক অতি: প্রধান প্রকৌশলী কামরুল ইসলাম, তত্ত্বাবধায়ক প্রকৌশলী আবু ছালেহ, মুনিরুল হুদা, আকবর আলী, রুলন কুমার দাশ, নির্বাহী প্রকৌশলী জয়সেন বড়ুয়া, বিপ্লব দাশ, মিজা ফজলুল কাদের, আশিকুল ইসলাম, মো. আবু ছিদ্দিক, জসিম উদ্দিন, ফরজানা মুক্তা, রেজাউল বারী, উপ-সচিব আশেক রসুল চৌধুর টিপু, নগর পরিকল্পনাবিদ আবদুল্লা আল ওমর প্রমুখ।

মেয়র আরো বলেন, বিপ্লব তীর্থ চট্টগ্রাম সবকিছুতে অগ্রণী ভূমিকা পালন করে ইতিহাসের অংশ হয়েছে। মহান মুক্তিযুদ্ধে চট্টগ্রামের গৌরবময় ভূমিকার পাকিস্তান কারাগার থেকে বঙ্গবন্ধু মুক্ত হয়ে ফিরে এসে এই ঐতিহাসিক পলোথ্রাউন্ডে এক বিশাল জনসমুদ্রে চট্টগ্রামবাসিকে সম্বাধন জানাতে এসেছিলেন। তারই সুযোগ্য কন্যা আওয়ামী লীগ সভাপতি ও প্রধানমন্ত্রী শেখ হাসিনা ৪ ডিসেম্বর ঐতিহাসিক বিজয় দিবসকে সামনে রেখে আগামী জাতীয় নির্বাচনের প্রস্তুতির দিক নির্দেশনা দেবেন। তিনি বলেন, প্রধানমন্ত্রী শেখ হাসিনা চট্টগ্রামের উন্নয়নে যে আন্তরিকতা দেখিয়েছে তাঁর আন্তরিকতাকে স্বাগত জানিয়ে জনসভাকে সফল করার নৈতিক দায়িত্ব নিতে চট্টগ্রামবাসি প্রস্তুত। মেয়র বলেন, জনসভাকে জনসমুদ্রে রূপান্তর করে নেত্রীর ঘোষিত কর্মসূচী পালন করার জন্য সকলকে প্রস্তুতি নিতে হবে। তিনি নগরীর সেবা সংস্থাগুলোকে নিজ নিজ দায়িত্বে জনসভার প্রয়োজনীয় কর্মকাণ্ড দ্রুততার সহিত সম্পন্ন করার আহ্বান জানান।

### নান্দনিক চট্টগ্রাম মেয়র এওয়ার্ড প্রদান অনুষ্ঠান আগামীকাল

নগরীর সবুজায়নের ধারা অব্যাহত রাখা এবং জনগণকে উদ্বুদ্ধ করার লক্ষে সাগর-পাহাড়-নদী বেষ্টিত প্রাকৃতিক সৌন্দর্যের লীলাভূমি প্রাচ্যের রানী চট্টগ্রামের হৃদ গৌরভ ফিরিয়ে প্রকৃতিকে ধ্বংসের হাত থেকে রক্ষা করতে নগরীতে সবুজায়নের কাজ করে যাচ্ছে চট্টগ্রাম সিটি কর্পোরেশন ও তিলোত্তমা চট্টগ্রাম। এই কাজে অবদান রাখায় বিশিষ্ট ব্যক্তি ও প্রতিষ্ঠানকে আগামীকাল ১৮ নভেম্বর ২০২২খ্রিঃ শুক্রবার সন্ধ্যা ৭টায় রেডিসন ব্লু বে-ভিউ মেজবান হলে “নান্দনিক চট্টগ্রাম মেয়র এওয়ার্ড” প্রদান অনুষ্ঠানের আয়োজন করা হয়েছে। অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে সিটি মেয়র মো.

রেজাউল করিম চৌধুরী এই এওয়ার্ড প্রদান করবেন। এতে সংশ্লিষ্ট সকলকে যথা সময়ে উপস্থিত থাকার জন্য অনুরোধ জানিয়েছে তিলোত্তমা চট্টগ্রামের প্রতিষ্ঠাতা সাহেলা আবেদীন।

চসিক ড্রাম্যাগ আদালত  
বিভিন্ন অপরাধে ৪ ব্যক্তিকে ২৫ হাজার টাকা জরিমানা

চট্টগ্রাম সিটি কর্পোরেশনের উদ্যোগে আজ বৃহস্পতিবার নগরীতে মোবাইল কোর্ট পরিচালিত হয়। চসিক নির্বাহী ম্যাজিস্ট্রেট মারুফা বেগম নেলী নগরীর আরকান সড়ক ও বিএফআইডিসি সড়কের সর্বসাধারণে চলাচলের রাস্তা ও ফুটপাথ দখল করে নির্মাণ সামগ্রী এবং দোকানের মালামাল রেখে চলাচলের প্রতিবন্ধকতা সৃষ্টির দায়ে ৪ ব্যক্তির বিরুদ্ধে মামলা রুজু পূর্বক ২৫ হাজার টাকা জরিমানা আদায় করা হয়। অভিযানকালে সিটি কর্পোরেশনের সংশ্লিষ্ট বিভাগের কর্মকর্তা-কর্মচারী ও চট্টগ্রাম মেট্রোপলিটন পুলিশ ম্যাজিস্ট্রেটকে সহায়তা প্রদান করেন।

**স্বাক্ষরিত/-**

(কালাম চৌধুরী)

জনসংযোগ কর্মকর্তা (অতিরিক্ত দায়িত্ব)

চট্টগ্রাম সিটি কর্পোরেশন

মোবাইল-০১৮২৪-৪৭৭৬৯৩